সংবাদ

তারিখ : 04 APR 2016
পৃষ্ঠা : ৫ কলাম : 2


### কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়

# ঝড়ে উড়ে গেছে চালা : খোলা আকাশের নিচে পাঠদান

**প্রতিনিধি, কোটচাঁদপুর (ঝিনাইদহ)**

ঝড়ে উড়ে গেছে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাউনি। এতে করে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। বিদ্যালয়টিতে খোলা আকাশের নিচে চলছে পাঠদান কার্যক্রম।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক আককাস উদ্দিন বলেন, ১৯৯৫ সালে অল্প সংখ্যক শিক্ষার্থী নিয়ে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে তা বেড়ে যাওয়ায় বিদ্যালয়টিতে শিক্ষার্থীদের ক্লাস রুমের সংকট দেখা দেয়। তা পূরণ করতে বিদ্যালয়টিতে ৩টি ভবন তৈরি করা হয়েছে। যার মধ্যে গেল ২০১৫ সালে ওই ভবনটি টিনের শেট দিয়ে তৈরি করা হয়। যার আনুমানিক খরচ হয় ৩ লক্ষ্যাধিক টাকার মতো। গেল ৩০ মার্চ ঝড়ে ওই ভবনটির টিনের ছাউনি উড়ে যায়। এতে করে বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি বলেন ওই ভবনটিতে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাস নেয়া হত। ঝড়ে ছাউনি উড়ে যাওয়ায় এখন বিদ্যালয়ের সামনে খোলা আকাশের নিচে এ কার্যক্রম চালানো হচ্ছে। তিনি বিষয়টি স্বরজমিনে দেখে যথাযথ ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের আশু হস্তক্ষেপ কামনা করেছেন।



*কোটচাঁদপুরের শেরখালী বিদ্যালয় ভবনের চালা ঝড়ে উড়ে যাওয়ায় খোলা আকাশের নিচে চলছে পাঠদান -সংবাদ*